# বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনর্ভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

বাড়ি-২, ব্লক-২, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬

## নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮

স্মারক নম্বরঃ এলপিজি/অটোগ্যাস/এসোঃ/নির্বাচন/নোটিশ/২০২৬/০৪ তারিখঃ ০৮-০৮-২০২৬ ইং

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আজ ০৮ আগস্ট ২০২৬ খ্রি., রোজ শনিবার, বিকাল ৪:০০ ঘটিকায় "বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন"-এর ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের কার্যনির্বাহী কমিটির নির্বাচনে **"কার্যনির্বাহী কমিটির সদস্য"** পদের চূড়ান্ত বৈধ প্রার্থী তালিকা এসোসিয়েশনের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

নির্বাচন তফশিল অনুযায়ী আগামী ১১ আগস্ট ২০২৬ খ্রি., রোজ মঙ্গলবার, বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকবে। একই দিন বিকাল ৪:০০ ঘটিকায় প্রার্থিতা প্রত্যাহার-পরবর্তী চূড়ান্ত প্রার্থী তালিকা এসোসিয়েশনের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (www.lpgautogasbd.com) এ প্রকাশ করা হবে।

যেহেতু "কার্যনির্বাহী কমিটির সদস্য" পদে নির্বাচনযোগ্য পদের বিপরীতে সমসংখ্যক বৈধ প্রার্থী রয়েছেন, সেহেতু বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫-এর ২৪(১) ধারা অনুযায়ী উক্ত পদে ভোটগ্রহণের প্রয়োজন হবে না। প্রার্থিতা প্রত্যাহারের পরও যেহেতু নির্বাচনযোগ্য পদের অধিক প্রার্থী অবশিষ্ট থাকবে না সেহেতু নির্বাচন বোর্ড প্রার্থীদেরকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলে ঘোষণা করবে।

পরবর্তীতে, এসোসিয়েশনের সংঘস্মারক ও সংঘবিধির বিধান অনুযায়ী নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ এবং পদাধিকারবলে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত প্রতিটি জোনাল কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রত্যক্ষ ভোটে নির্ধারিত সমসংখ্যক কর্মকর্তা (Office Bearers) পদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

এ লক্ষ্যে নির্বাচন বোর্ড আগামী ১১ আগস্ট ২০২৬ খ্রি., রোজ মঙ্গলবার, বিকাল ৪:০০ ঘটিকায় কর্মকর্তা (Office Bearers) পদের নির্বাচনের তফশিল ঘোষণা করবে। ঘোষিত তফশিল অনুযায়ী আগামী ১২ আগস্ট ২০২৬ খ্রি., রোজ বুধবার কর্মকর্তা (Office Bearers) পদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

অতএব, সংশ্লিষ্ট সকলকে নির্বাচন কার্যক্রম সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

০৮/০৮/২০২৬ ইং

(মোঃ মোশারফ হোসেন)
সচিব, নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন
এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন।

নির্বাচন বোর্ড
২০২৬-২০২৮

Scanned with OKEN Scanner